**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীদের মধ্যে নিয়োগপত্র বিতরণ করবেন।**

**(২) বনমন্ত্রী অনিমেষ দেববর্মা পরিবেশ সুরক্ষায় নাগরিকদের সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য আহ্বান জানিয়েছেন।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, দেশের সমস্ত সীমান্তকে আরও দুর্ভেদ্য করে তুলতে সরকার 'স্মার্ট বর্ডার প্রজেক্ট' চালু করবে।**

**(৪) ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল প্রকাশিত।**

**(৫) আকাশবাণীর ৯০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে আকাশবাণী আগরতলার উদ্যোগে প্রতীকী ম্যারাথন অনুষ্ঠিত।**

**************************************

**PM-Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীদের মধ্যে নিয়োগপত্র বিতরণ করবেন। এই উপলক্ষে তিনি নতুন কর্মপ্রার্থীদের উদ্দেশ্যে ভাষণও দেবেন।

কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সঙ্গে সামঞ্জস্য রেখে, এই দৃষ্টিভঙ্গিকে বাস্তবে রূপান্তরিত করার লক্ষ্যে রোজগার মেলা একটি বড় উদ্যোগ। প্রতিষ্ঠার পর থেকে সারা দেশে আয়োজিত

১৮টি রোজগার মেলার মাধ্যমে প্রায় ১২ লক্ষ নিয়োগপত্র বিতরণ করা হয়েছে।

১৯তম রোজগার মেলা সারাদেশের ৪৭টি স্থানে একযোগে অনুষ্ঠিত হবে। দেশের সমস্ত অঞ্চল থেকে নির্বাচিত নতুন নিয়োগপ্রাপ্ত প্রার্থীরা রেল মন্ত্রক, স্বরাষ্ট্র মন্ত্রক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, আর্থিক পরিষেবা বিভাগ, উচ্চশিক্ষা বিভাগ সহ ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগে যোগদান করবেন।

*************************

**India-Cyprus Diplomatic Meeting :**

ভারত ও সাইপ্রাসের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদূরপ্রসারী করতে আজ নতুন দিল্লিতে এক উচ্চপর্যায়ের বৈঠকে মিলিত হন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সাইপ্রাসের প্রেসিডেন্ট নিকোস ক্রিস্টোডৌলিডেস। দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করার লক্ষ্যে দুই দেশের মধ্যে সন্ত্রাসবাদ দমন, উদ্ভাবন ও প্রযুক্তি, উচ্চশিক্ষা ও গবেষণা এবং সাংস্কৃতিক সহযোগিতার ক্ষেত্রে একটি যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের লক্ষ্যে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

বৈঠক শেষে যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ভারত ও সাইপ্রাসের বন্ধুত্ব কেবল দৃঢ়ই নয়, বরং এটি ভবিষ্যৎমুখী। তিনি উল্লেখ করেন, গত এক দশকে সাইপ্রাস থেকে ভারতে বিনিয়োগের পরিমাণ প্রায় দ্বিগুণ হয়েছে এবং ভারত-ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তির ফলে দুই দেশের মধ্যে পারস্পরিক আস্থা বৃদ্ধির পাশাপাশি বাণিজ্যের একাধিক নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে।

#######Byte-PM######

এর আগে আজ সকালে ভারতের বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর সাইপ্রাসের প্রেসিডেন্টের সঙ্গে দেখা করেন এবং সামাজিক মাধ্যমে এক বার্তায় দুই

দেশের সম্পর্ক ও ভারত-ইউরোপিয়ান ইউনিয়ন সহযোগিতা জোরদার করার ক্ষেত্রে এই ইতিবাচক আলোচনাকে স্বাগত জানান।

***************************

**International Bio-diversity Day-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে আগরতলায় অক্সিজেন পার্কে আন্তর্জাতিক জৈববৈচিত্র দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে রাজ্যপাল বৃক্ষরোপনের উপর গুরুত্ব দেন। তিনি অক্সিজেন পার্কে অর্কিডিয়াম ও ফার্নারিয়াম পরিদর্শন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বন দপ্তরের সচিব আর কে শ্যামল, টিএফডিপিসি এর ম্যানেজিং ডিরেক্টর পি এল আগরওয়াল, পিসিসিএফ চৈতন্য মূর্তি প্রমুখ।

**************************************************

**International Bio-diversity Day :**

বনমন্ত্রী অনিমেষ দেব্বর্মা পরিবেশ সুরক্ষায় নাগরিকদের সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য আহ্বান জানিয়েছেন। আজ গান্ধীগ্রামস্থিত প্রকৃতি ভবনে আন্তর্জাতিক জৈববৈচিত্র দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, জীববৈচিত্র্য মানব জীবনের ভিত্তি যা আমাদের খাদ্য ও বিশুদ্ধ পানীয় জল নিশ্চিত করে। তিনি সেখানে বৃক্ষরোপন অনুষ্ঠানেও যোগ দেন। উপস্থিত ছিলেন বন দপ্তরের সচিব আর কে শ্যামল সহ বন দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিকরা।

*****************************

**Solid Waste Management :**

গোমতী জেলার আটটি ব্লকে “গ্রামীণ এলাকায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধি-২০২৬ বাস্তবায়ন” শীর্ষক একদিনের প্রশিক্ষণ শিবির আজ উদয়পুরের পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরে গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক সঞ্জিত দেববর্মা গ্রামীণ এলাকায় স্বাস্থ্যকর

পরিবেশ গড়ে তুলতে এবং দূষণ নিয়ন্ত্রণে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার কার্যকর বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে অভিমত ব্যক্ত করেন।

***************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেবের আবেদনে সাড়া দিয়ে রাণী কমলাপতি স্পেশাল ট্রেন ০১৬৬৬/০১৬৬৫ আগরতলা ও মধ্য প্রদেশের রাণী কমলাপতি স্টেশন পর্যন্ত এখন থেকে নিয়মিত চলাচলের জন্য রেল মন্ত্রক অনুমোদন দিয়েছে। কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এক চিঠিতে সাংসদ বিপ্লব কুমার দেবকে আজ এখবর জানিয়েছেন।

**************************

**Sabse Door, Sabse Pehle :**

"সবসে দূর, সবসে পেহেলে" এই ভাবনায় "জনজাতীয় গরিমা উৎসব" ঊনকোটি জেলাতেও পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে আজ পেঁচারথল ব্লকের অন্তর্গত নবীনছড়া এডিসি ভিলেজ কমিটির কার্যালয় প্রাঙ্গণে এবং আন্ধারছড়া হাইস্কুল মাঠে অনুষ্ঠিত হয় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির। এখানে আধার কার্ডের নথীভুক্তিকরণ, S/T, ইনকাম সার্টিফিকেট এর দরখাস্ত ও প্রয়োজনীয় নথী জমা দেওয়া হয়। তাছাড়া স্বাস্থ্য দপ্তর থেকে রোগিদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়। বন দপ্তরের পক্ষ থেকে বিনামূল্যে বিভিন্ন জাতের গাছের চারা বিতরণ করা হয়।

***************************

**Review Meeting :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যের অন্যতম আকর্ষণীয় পর্যটনস্থল ছবিমুড়াকে বিশ্ব পর্যটন মানচিত্রে তুলে ধরতে সরকার বদ্ধপরিকর। আজ সচিবালয়ে ছবিমুড়ার সৌন্দর্য বৃদ্ধি ও পরিকাঠামো উন্নয়নে এক পর্যালোচনা বৈঠক তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, এডিসি'র

কার্যনির্বাহী সদস্য সি কে জমাতিয়া, পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা ও অধিকর্তা প্রশান্ত বাদল নেগী।

**************************

**National Awards for Empowerment of PWD :**

দেশের প্রতিবন্ধী বা দিব্যাঙ্গজনদের অসামান্য কৃতিত্ব এবং তাঁদের ক্ষমতায়নে নিয়োজিত প্রতিষ্ঠানগুলিকে সম্মান জানাতে ভারত সরকারের সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক 'জাতীয় পুরস্কার ২০২৬'-এর আবেদন প্রক্রিয়া শুরু করেছে। প্রতি বছর তেসরা ডিসেম্বর 'আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস' উপলক্ষে এই মর্যাদাপূর্ণ বেসামরিক স্বীকৃতিটি প্রদান করা হয়। গত ১৫ই মে থেকে এই পুরস্কারের জন্য রাষ্ট্রীয় পুরস্কার পোর্টাল www.awards.gov.in -এ অনলাইনেআবেদন গ্রহণ শুরু হয়েছে। আবেদনপত্রগুলো শুধুমাত্র অনলাইনেই জমা দিতে হবে এবং পোর্টালটি ৩১শে জুলাই পর্যন্ত খোলা থাকবে। পুরস্কারের বিশদ নির্দেশিকা সংশ্লিষ্ট বিভাগের ওয়েবসাইট www.depwd.gov.in -এ পাওয়া যাবে। সরকারের পক্ষ থেকে যোগ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহকে এই কর্মসূচিতে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, দেশের সমস্ত সীমান্তকে আরও দুর্ভেদ্য করে তুলতে সরকার 'স্মার্ট বর্ডার প্রজেক্ট' চালু করবে। আজ নতুন দিল্লিতে বিএসএফ-এর অলংকরণ অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় শ্রী শাহ বলেন, এই প্রকল্পটি ড্রোন, রাডার, ক্যামেরা এবং অন্যান্য প্রযুক্তিগত সম্পদে সজ্জিত হবে। তিনি আরও জানান, আগামী এক বছরের মধ্যে 'স্মার্ট বর্ডার কনসেপ্ট'-এর আওতায় সীমান্তরক্ষী বাহিনীর নিরাপত্তা ব্যবস্থার সঙ্গে সব ধরনের প্রযুক্তিকে একীভূত করে একটি দুর্ভেদ্য সীমান্ত নিরাপত্তা কাঠামো গড়ে তোলার কাজ এগিয়ে চলছে। তিনি বলেন, দুর্বলতা এবং একাধিক চ্যালেঞ্জ থাকা সত্বেও বি.এস.এফ. ক্রমাগত দেশের গৌরব রক্ষা করে চলেছে। অবৈধ অনুপ্রবেশ, মাদক চোরাচালান, জাল নোটের প্রচলন এবং অস্ত্র ও ড্রাগস চোরাচালান সহ নিরাপত্তার ক্ষেত্রে কথাও তিনি তুলে ধরেন। স্বরাষ্ট্রমন্ত্রী একটি আরও সমন্বিত এবং ব্যাপক নিরাপত্তা কাঠামোর প্রয়োজনীয়তার ওপর জোর দেন এবং রাজ্য পুলিশ, কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী, গোয়েন্দা সংস্থা এবং স্থানীয় প্রশাসনের মধ্যে বৃহত্তর সমন্বয়ের আহ্বান জানান।

************************

**Joint Entrance Board :**

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। আগরতলায় শিক্ষা ভবনে এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান ডঃ শুভদীপ পাল জানান, কাট অফ মার্ক অনুযায়ী পিসিএম গ্রুপের মেধা তালিকায় রয়েছে ১ হাজার ৭৪৫ জন এবং পিসিবি গ্রুপে ৩

হাজার ৬৮৪ জন। পিসিএম গ্রুপে প্রথম হয়েছে শ্রীকৃষ্ণ মিশন স্কুলের অর্ঘজ্যোতি সাহা, দ্বিতীয় বিলোনিয়া সরকারি ইংরেজি মাধ্যম স্কুলের অনিমেশ সরকার ও তৃতীয় শিশু বিহার স্কুলের আকাশ চৌধুরী। পিসিবি গ্রুপে প্রথম মডার্ন হায়ার সেকেন্ডারি স্কুলের বৈভব রায়, দ্বিতীয় শিশু বিহার স্কুলের আকাশ চৌধুরী ও তৃতীয় শিশু বিহার স্কুলেরই ছাত্র অর্ণব মিত্র।

**************************

**Census :**

উত্তর ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ে জনগণনা ২০২৭ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আজ শুরু হয়েছে। সূচনা করেন জনগণনা রাজ্য অধিকর্তা রতন বিশ্বাস। উপস্থিত ছিলেন উত্তর জেলার সহকারী জেলাশাসক বিজয় সিনহা, জনগণনা সহকারী অধিকর্তা শুভজিৎ দেবরায় প্রমুখ।

***************************

**Review Meeting-Jal Jiban Mission :**

জল জীবন মিশন প্রকল্পের মাধ্যমে প্রতিটি বাড়িতে নিরাপদ পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্যে আজ উদয়পুরে গোমতী জেলা শাসক কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রকল্পের অগ্রগতি, পানীয় জলের সংযোগ প্রদান, পাইপলাইন সম্প্রসারণ এবং চলমান কাজের গুণগত মান নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ

জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum–এ এবং Narendra Modi App–এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০–১১–৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

****************************

**Akashvani 90 Years :**

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে আজ আকাশবাণী আগরতলার উদ্যোগে একটি প্রতীকী ম্যারাথনের আয়োজন করা হয়। আকাশবাণী আগরতলার উত্তর গেট থেকে এই ম্যারাথন শুরু হয়ে গান্ধীমূর্তি পর্যন্ত গিয়ে পুনরায় অফিস প্রাঙ্গণে ফিরে আসে। ম্যারাথনের সূচনা করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জিমন্যাস্ট দীপা কর্মকার এবং দ্রোণাচার্য পুরস্কারপ্রাপ্ত প্রশিক্ষক বিশ্বেশ্বর নন্দী। আকাশবাণীর ৯০ বছরের গৌরবময় পথচলাকে স্মরণ করে আয়োজিত এই প্রতীকী ম্যারাথনে আকাশবাণীর আধিকারিক, কর্মী, শিল্পী, শ্রোতা এবং বিভিন্ন স্তরের ক্রীড়াপ্রেমী মানুষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের মাধ্যমে সুস্থ জীবনযাপন, সামাজিক সম্প্রীতি এবং আকাশবাণীর ঐতিহ্যবাহী ভূমিকার বার্তা তুলে ধরা হয়।

****************************

**Women Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ৪টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় আগরতলা কোচিং সেন্টার ২১৪ রানে রয়েল কোচিং সেন্টারকে, নরসিংগড়ের পি টি এ মাঠে নিউ প্লে সেন্টার ৩৯ রানে রামনগর স্পোর্টিং ক্লাবকে, এম.বি.বি স্টেডিয়ামে ইউনাইটেড ফ্রেন্ডস ৩ উইকেটে স্ফুলিঙ্গ

ক্লাবকে এবং মোহনপুরের তালতলা মাঠে মডার্ন ক্রিকেট একাডেমি ৪ উইকেটে চাম্পামুড়া কোচিং সেন্টারকে পরাজিত করে।

*************************